

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.৪২.৩৩৯.৯৫-১৪৫

তারিখ: ২০/০৪/২০১৯ খ্রি:।

বিষয়: মরহম মোঃ জুনায়েত হোসেন, প্রাক্তন ক্রেডিট সুপারভাইজার-এর পারিবারিক পেনশন ও লাম্পগ্রান্ট মঞ্জুরী।


সূত্র: ৩৪.০১.০৬০০.০০০.১৩.১৭৬.০৮-১৯০, তারিখ: ১০-০৩-২০১৯ খ্রি:।

যুব উন্নয়ন অধিদপ্তরাধীন বরিশাল জেলার মুলাদী উপজেলা কার্যালয়ের প্রাক্তন ক্রেডিট সুপারভাইজার মরহম মোঃ জুনায়েত হোসেন-এর পারিবারিক পেনশন ও লাম্পগ্রান্ট মঞ্জুরীর আবেদন সূত্রোক্ত পত্র মারফত আপনার দপ্তর হতে পাওয়া যায়। মরহমের চাকুরি বহি পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, তিনি এ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত “যুব প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থান” শীর্ষক প্রকল্পের চাকুরিতে ১৬-০৯-১৯৯৫ খ্রি: তারিখে যোগদান করেন। মরহমের উন্নয়ন প্রকল্পে যোগদানের তারিখ হতে চাকুরিকাল গণনা করে ১৬-০৯-২০০৩ খ্রি: তারিখে ১ম, ১৬-০৯-২০০৭ খ্রি: তারিখে ২য় ও ১৬-০৯-২০১০ খ্রি: তারিখে ৩য় টাইমস্কেলে বেতন নির্ধারণ করা হয়েছে। উল্লেখ্য, মরহমের চাকুরি ০১-০৭-২০০৩ খ্রি: তারিখ হতে রাজস্বখাতে স্থানান্তরিত হয়। অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ১৫-১২-২০০৯ খ্রি: তারিখের অম/অবি(বাস্ত-৪)/বিধি-২০/(উঃস্কেল)/২০০৭-৯১ সংখ্যক আদেশ অনুযায়ী শুধুমাত্র রাজস্বখাতের চাকুরিকাল গণনা করে মঞ্জুরীকৃত টাইমস্কেল প্রদেয়।

২। এমতাবস্থায়, মরহম মোঃ জুনায়েত হোসেন-এর পারিবারিক পেনশন ও লাম্পগ্রান্ট মঞ্জুরীর সুবিধার্থে চাকুরি রাজস্বখাতে স্থানান্তরের তারিখ ০১-০৭-২০০৩ খ্রি: হতে চাকুরিকাল গণনা করে মঞ্জুরীকৃত টাইমস্কেল অনুযায়ী মূল বেতন পুনঃনির্ধারণ করে পারিবারিক পেনশন ও লাম্পগ্রান্ট মঞ্জুরীর প্রয়োজনীয় কাগজপত্র (এলপিসিসহ) পুনরায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১। মূল চাকুরি বহি

২। অর্থ মন্ত্রণালয়ের ৯১ সংখ্যক আদেশ।


(আ, ন, আহম্মদ আলী)
যুগ্ম-সচিব
পরিচালক(প্রশাসন ও অর্থ)
ফোনঃ ৯৫৫০৮৬৩।

উপপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
বরিশাল।

অনুলিপিঃ

- ১। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)।
- ২। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, মুলাদী, বরিশাল।
- ৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, মুলাদী, বরিশাল।
- ৪। জনাব মমতাজ ইয়াসমিন, স্বামীঃ মরহম মোঃ জুনায়েত হোসেন, উকিল বাড়ী, লুৎফর রহমান সড়ক, নয়ল্লাবাদ, বরিশাল-৮২০০।
- ৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর ঢাকা।